



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
লেভেল-১ স্নাতক ভর্তি (শিক্ষাবর্ষ: ২০২৫-২৬)

স্মারক নং: চুয়েট/একা-২/পার্ট-২৫/৬৬৭

তারিখ: ১১/০৬/২০২৬ খ্রি.

২০২৫-২৬ শিক্ষাবর্ষের লেভেল-১ স্নাতক পর্যায়ে ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

৫ম পর্যায়ে ভর্তি কার্যক্রম শেষে আসন শূন্য হওয়ায় নিম্নবর্ণিত মেধাক্রমধারী প্রার্থীদের আগামী ১৬/০৬/২০২৬ খ্রি. তারিখ মঙ্গলবার নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে নিরীক্ষা বোর্ডের নিকট উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

প্রার্থীর ধরন	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	তারিখ, সময়সূচি ও স্থান
পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (উপজাতি)	মেধাক্রম: ২১-২৪	১৬/০৬/২০২৬ খ্রি. তারিখ মঙ্গলবার সকাল ০৯:৩০ ঘটিকা থেকে বেলা ০১:০০ ঘটিকা পর্যন্ত স্থান: ডিন অফিস

উপর্যুক্ত ছক অনুযায়ী মেধাক্রমের ভিত্তিতে নিরীক্ষা বোর্ডের নিকট উপস্থিত প্রার্থীদের আসন শূন্য থাকা সাপেক্ষে ভর্তি করা হবে। উপস্থিত প্রার্থীর সংখ্যা নির্ধারিত শূন্য আসনের অধিক হলে উপস্থিত প্রার্থীদের মধ্যে হতে মেধাক্রম অনুযায়ী একটি অপেক্ষমান তালিকা সংরক্ষণ করা হবে। পরবর্তীতে কোনো আসন শূন্য হলে উক্ত সংরক্ষিত তালিকা হতে মেধাক্রমের ভিত্তিতে প্রার্থীদের পর্যায়ক্রমে আহ্বান করা হবে। নির্ধারিত তারিখে উপস্থিত না হলে পরবর্তীতে ভর্তি সংক্রান্ত কোনো দাবি বা আবেদন গ্রহণযোগ্য হবে না।

প্রার্থীদের করণীয়

উপর্যুক্ত ছকে অন্তর্ভুক্ত মেধাক্রমধারী প্রার্থীদের ভর্তি কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে <https://admissioncuet.ac.bd> লিংকে প্রবেশ করে Login করতে হবে। পূর্বে পূরণকৃত "Online Choice Form" এবং Dashboard এ নির্দেশিত অন্যান্য সকল ফরম download পূর্বক পূরণ করে প্রিন্টেড কপি ভর্তির সময় নিয়ে আসতে হবে। উল্লেখ্য যে, কোনো প্রার্থী পূর্বে Online Choice Form পূরণ না করে থাকলে ভর্তির দিন তা পূরণের সুযোগ প্রদান করা হবে। নিরীক্ষা বোর্ড কর্তৃক শিক্ষার্থীদের সনদপত্র যাচাইপূর্বক জমাদানের পর স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করা হবে। একই দিনে ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮৫০০/- (আঠারো হাজার পাঁচশত টাকা মাত্র) সোনালী ব্যাংক, চুয়েট শাখায় বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।

ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রাদি নিরীক্ষা বোর্ডের নিকট দাখিল করতে হবে:

- মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
- মাধ্যমিক বা সমমানের পরীক্ষার ট্রান্সক্রিপ্ট এর মূলকপি।
- উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি।
- উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার ট্রান্সক্রিপ্ট এর মূলকপি।
- শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।
- সদ্য তোলা (অনধিক ০৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি।
- হল প্রত্যবেক্ষকের স্বাক্ষর সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- সংরক্ষিত আসনে ভর্তির জন্য রাখাইন সম্প্রদায় ও ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমাণ স্বরূপ (১) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং (২) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ০২ (দুই) টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে। এছাড়া যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ কর্তৃক ইস্যুকৃত উপজাতীয়তার প্রমাণের সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে।

অপেক্ষমান তালিকা থেকে ভর্তি নিশ্চিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

আসন শূন্য হওয়ায় অপেক্ষমাণ তালিকা হতে নিম্নোক্ত মেধাক্রমধারী প্রার্থীদের ভর্তি নিশ্চিতকরণের সুযোগ প্রদান করা হলো:

ক গ্রুপ : মেধাক্রম: ৩৮৮৯, ৩৮৯১, ৩৯০০, এবং ৩৯০২
খ গ্রুপ: মেধাক্রম: ১৩৩

উপর্যুক্ত মেধাক্রমভুক্ত প্রার্থীদের আগামী ১৬/০৬/২০২৬খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি ফি জমা প্রদানপূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে।

নির্ধারিত সময়সীমার মধ্যে ভর্তি ফি জমা দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর মনোনয়ন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং শূন্য আসনের বিপরীতে অপেক্ষমাণ তালিকার পরবর্তী প্রার্থীকে ভর্তির সুযোগ প্রদান করা হবে।



চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
লেভেল-১ স্নাতক ভর্তি (শিক্ষাবর্ষ: ২০২৫-২৬)

১১.০৬.২০২৫

অধ্যাপক ড. কাজী দেলোয়ার হোসেন
সভাপতি
স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৫-২৬)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. পরিচালক, আইআইসিটি, চুয়েট। (বিজ্ঞপ্তি ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে আপলোডের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)
২. সংরক্ষণ নথি।

১১.০৬.২৫

অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হামায়ুন কবির
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) ও সচিব
স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২৫-২৬)
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়